

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবর্ষ
এবং 'মুজিববর্ষ' উদ্‌যাপন উপলক্ষে ইস্যুকৃত

২০০ টাকা স্মারক ব্যাংকনোটের উল্লেখযোগ্য বৈশিষ্ট্য



ইন্ট্যাগ্লিও কালির অসমতল ছাপা :

নোটের সামনের দিকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি ও বাংলাদেশ ব্যাংক লেখা এবং নোটের মূল্যমান ইন্ট্যাগ্লিও কালিতে মুদ্রিত আছে, যা হাতের স্পর্শে উঁচু-নীচু অনুভূত হবে।

রং পরিবর্তনশীল হলোগ্রাফিক সুতা :

নোটের বামপাশে ৪ মিলিমিটার চওড়া নিরাপত্তা সুতা রয়েছে, যা লাল হতে সবুজ রংয়ে পরিবর্তিত হয় এবং এতে বাংলাদেশ ব্যাংকের লোগো ও '২০০ টাকা' লেখা রয়েছে। নোটটি আলোর বিপরীতে ধরলে তা দৃশ্যমান হবে। নোটটি নাড়াচাড়া করলে এতে হলোগ্রাফিক ইমেজ দেখা যাবে।

অতি ছোট আকারের লেখা :

অতি ক্ষুদ্র আকারের BANGLADESH BANK লেখা পুনঃপুনঃ লিখে এখানে মুদ্রিত রয়েছে। লেখাগুলো অতি ক্ষুদ্র আকারের হওয়ায় আতশী কাঁচ ব্যতীত খালি চোখে এগুলো দেখা যাবে না।

ইন্ট্যাগ্লিও কালির অসমতল ছাপা :

নোটের পিছনের দিকে ইন্ট্যাগ্লিও কালিতে বঙ্গবন্ধুর প্রতিকৃতি ও নদীমাতৃক বাংলাদেশের চিত্র মুদ্রিত আছে যা হাতের স্পর্শে উঁচু-নীচু অনুভূত হবে।



লুকানো ছাপা :

নোটের নিচের বর্ডারে সুগুঁ বা লুকানো অবস্থায় TWO HUNDRED TAKA মুদ্রিত আছে। নোটটি অনুভূমিকভাবে ধরলে লুকানো লেখাটি দেখা যাবে।

SPARK :

নোটের উপরের ডানকোণায় সোনালী থেকে সবুজ রংয়ের SPARK (Optically Variable Magnetic Ink) দ্বারা 200 লেখা রয়েছে, নোটটি নাড়াচাড়া করলে যা সোনালী থেকে সবুজ রংয়ে পরিবর্তন হবে। পাশাপাশি একটি উজ্জ্বল বার উপরে-নীচে উঠানামা করবে।

ইন্ট্যাগ্লিও কালির অসমতল ছাপা :

অঙ্কদের জন্য নোটের ডানদিকে ৮টি সমান্তরাল লাইন ও এর নীচে ৩টি ছোট ত্রিভুজ ইন্ট্যাগ্লিও কালিতে মুদ্রিত আছে, যা হাতের স্পর্শে উঁচু-নীচু অনুভূত হবে।

জলছাপ :

কাগজে জলছাপ হিসেবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি; প্রতিকৃতির নিচে 200 লেখা এবং উপরে বামপাশে বাংলাদেশ ব্যাংকের লোগোর উজ্জ্বলতর জলছাপ রয়েছে।



কাগজ :

নোটটি ১০০% কটন ফাইবার দ্বারা পরিবেশ বান্ধব উন্নত মানের কাগজে মুদ্রিত। এতে লাল, নীল ও হলুদ রংয়ের অদৃশ্য ফাইবার রয়েছে, যা UV (Ultra Violet) লাইটে দৃশ্যমান হবে।

নোটের সাইজ : ৬৩ X ১৪৬ মিলিমিটার।

ব্যাংকনোটের ব্যবহার সম্পর্কে সচেতন হোন

নোট জালকারীচক্রের প্রতারণা থেকে নিজেকে রক্ষা করুন



বাংলাদেশ ব্যাংক

www.bangladeshbank.org.bd → bank note & coins → security features